গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৯০/২০১৮-১৯

ঢাকা, সোমবার ৫ নভেম্বর ২০১৮, ২১ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সমাজে শান্তি বজায় রাখতে আলেমদের ভূমিকা পালনের আহ্বান : শোকরানা মাহফিলে প্রধানমন্ত্রী

২। একত্রে নির্বাচন ও সরকার গঠনের প্রতিশ্রুতি : ১৪ দলের সঙ্গে মতবিনিময়ে প্রধানমন্ত্রী

৩। আমরা মানবিক কারণে রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছি : প্রধানমন্ত্রী
দ্রুত রোহিঙ্গা প্রত্যাবাসন চায় সিঙ্গাপুর

৪। আজ প্রধানমন্ত্রীর সঙ্গে জাতীয় পার্টির সংলাপ

৫। একনেকে ৩৯ প্রকল্প অনুমোদন

৬। গুলশান লেকড্রাইভ নির্মাণে ক্ষতিগ্রস্তদের শীঘ্রই অর্থ প্রদান করা হবে : গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী

৭। জাতীয় ঐক্যফ্রন্টের সঙ্গে ফের সংলাপ আগামী বুধবার : সেতুমন্ত্রী

৮। খালেদা জিয়ার কারামুক্তির সিদ্ধান্ত আদালতের : আইনমন্ত্রী

৯। বর্তমান সরকারের মেয়াদে ২শ' ৭০ কোচ ও ৪৬ ইঞ্জিন যুক্ত হয়েছে বহরে : রেলমন্ত্রী

১০। একাদশ সংসদ নির্বাচনের তফসিল আগামী ৮ নভেম্বর

১১। সাইবার মনিটরিং ও পেট্রোলিং করবে পুলিশ : নির্বাচনে গুজব অপপ্রচার রোধই বড় চ্যালেঞ্জ

১২। লন্ডনে বাংলাদেশ হাইকমিশনে ভাংচুরের দায়ে যুক্তরাজ্যের
জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সভাপতির জরিমানা

১৩। আইওআরএ'র ২০২১-২৩ মেয়াদে চেয়ারম্যান হল বাংলাদেশ

চলমান পাতা-২

১। **সমাজে শান্তি বজায় রাখতে আলেমদের ভূমিকা পালনের আহ্বান : শোকরানা মাহফিলে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাজে শান্তি বজায় রাখার ক্ষেত্রে আলেম-ওলামাদের ভূমিকা রাখার আহ্বান জানিয়ে বলেছেন, তাঁর সরকার কোনোভাবেই ইসলাম এবং রাসুল (সা.) এর বিরুদ্ধে অপপ্রচার বরদাশত করবে না। প্রধানমন্ত্রী ইসলামকে শান্তির ধর্ম উল্লেখ করে বলেন, গুটিকয়েক লোক ইসলামের নামে জঙ্গিবাদ সৃষ্টি করে আজকে সারাবিশ্বে ইসলাম ধর্মকে বদনাম দিচ্ছে। অথচ, ইসলাম কখনো সন্ত্রাস ও জঙ্গিবাদকে সমর্থন করে না। সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রশ্নে তাঁর সরকারের জিরো টলারেন্স নীতির পুনরুল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এ বাংলাদেশে কোনো জঙ্গিবাদ, সন্ত্রাস, মাদকের স্থান হবে না। বাংলাদেশ হবে একটা শান্তিপূর্ণ, উন্নত ও সমৃদ্ধ দেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৪ নভেম্বর রোববার) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে কওমি মাদ্রাসার আলেমদের শোকরানা মাহফিলে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। দাওরায়ে হাদিসকে স্নাতকোত্তর স্বীকৃতি প্রদান করায় মাহফিলে আলেম-ওলামারা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'কওমি জননী' উপাধি প্রদান করেন। সূত্র-**সংবাদ** (শেষপৃ,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

২। **একত্রে নির্বাচন ও সরকার গঠনের প্রতিশ্রুতি : ১৪ দলের সঙ্গে মতবিনিময়ে প্রধানমন্ত্রী**

আগামীতেও ১৪ দলের সঙ্গে একত্রে নির্বাচন ও সরকার গঠনের প্রতিশ্রুতি দিয়েছেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। তিনি বলেছেন, অতীতে দুঃসময়ে যেমন একসঙ্গে ছিলাম, আগামীতেও তেমনি একসঙ্গেই থাকব। এটা ভাবার কোনো কারণ নেই যে, জোটকে ছেড়ে আমি একাই পথ চলব। আগামী নির্বাচনে জোট শরিকদের কাছে জয়ী হয়ে আসার মতো প্রার্থীদের নামের তালিকা চেয়ে প্রধানমন্ত্রী আরও বলেছেন, শরিকরা যতগুলো আসনে ছাড় চাইবে, ততগুলো আসনই তাদের দেওয়া হবে। তবে এমন কাউকে প্রার্থী হিসেবে দেওয়া যাবে না-যার জয়ী হওয়ার সম্ভাবনা নেই। মনে রাখতে হবে, মুক্তিযুদ্ধের চেতনা রক্ষা ও অস্তিত্বের স্বার্থেই এবারের নির্বাচনে আমাদের জয়লাভের কোনো বিকল্প নেই। গতকাল (৪ নভেম্বর রোববার) তাঁর সরকারি বাসভবন গণভবনে ১৪ দলের শীর্ষ নেতাদের সঙ্গে আলোচনাসভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। আগামী নির্বাচন সামনে রেখে বিভিন্ন রাজনৈতিক জোট ও দলের সঙ্গে চলমান সংলাপের মধ্যে গতকাল ১৪ দল নেতাদের সঙ্গে এ বৈঠকে বসেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৩। **আমরা মানবিক কারণে রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছি : প্রধানমন্ত্রী**

দ্রুত রোহিঙ্গা প্রত্যাবাসন চায় সিঙ্গাপুর

সিঙ্গাপুরের সফররত পররাষ্ট্রমন্ত্রী ড. ভিভিয়ান বালাকৃষ্ণান বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনের ওপর গুরুত্বারোপ করেছেন। গতকাল (৪ নভেম্বর রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎকালে তিনি বলেন, আমরা বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসন চাই। কারণ তাদের অবস্থান দীর্ঘায়িত হলে তারা সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে পড়তে পারে। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বৈঠকশেষে সফররত পররাষ্ট্রমন্ত্রীর উদ্ধৃতি দিয়ে সাংবাদিকদের এসব কথা জানান। বালাকৃষ্ণান রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া শুরুর প্রশংসা করেন এবং বলেন, রোহিঙ্গাদের নিজ দেশে ফেরার পর সেখানে তাদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। তিনি প্রধানমন্ত্রীকে অবহিত করেন, মিয়ানমার সরকার রাখাইনে রোহিঙ্গাদের অবস্থা দেখতে আসিয়ানভুক্ত দেশগুলোকে মিয়ানমার সফরের আমন্ত্রণ জানিয়েছে। প্রধানমন্ত্রী এ সময় বলেন যে, বাংলাদেশে আশ্রয় নেওয়া ১১ লাখেরও বেশি রোহিঙ্গা দেশের জন্য বিরাট বোঝা। আমরা মানবিক কারণে তাদের আশ্রয় দিয়েছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের জন্য আন্তর্জাতিক সহায়তার প্রশংসা করেন। বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোতে সিঙ্গাপুরের বিনিয়োগকারীদের জন্য জমি বরাদ্দের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী এসব অঞ্চলে বড় ধরনের বিনিয়োগ করতে সেদেশের বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানান। প্রধানমন্ত্রী সিঙ্গাপুরের মাটিস্বল্পতার কথা উল্লেখ করে বাংলাদেশের নদীগুলো ড্রেজিংয়ের মাধ্যমে বিনামূল্যে এদেশ থেকে বালু-মাটি নিতে সফররত পররাষ্ট্রমন্ত্রীর প্রতি আহ্বান জানান। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

৪। **আজ প্রধানমন্ত্রীর সঙ্গে জাতীয় পার্টির সংলাপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে আজ (৫ নভেম্বর সোমবার) সংলাপে বসছেন জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ। প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে সন্ধ্যা সাড়ে ৭টায় এ সংলাপ অনুষ্ঠিত হবে। সাবেক

রাষ্ট্রপতি এরশাদের নেতৃত্বে ৩৩ সদস্যের প্রতিনিধিদল সংলাপে অংশ নেবে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৫। একনেকে ৩৯ প্রকল্প অনুমোদন

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে গতকাল (৪ নভেম্বর রোববার) অনুমোদন দেওয়া হয়েছে ৩৯ প্রকল্প। এর মধ্যে নতুন প্রকল্প ৩১টি এবং ৮টি সংশোধিত প্রকল্প। একনেকের এক বৈঠকে এটাই সর্বোচ্চ অনুমোদন। একনেক চেয়ারপারসন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় গতকাল ৮৬ হাজার ৬৮৬ কোটি ৯৫ লাখ টাকা ব্যয় সম্বলিত ৩৯ প্রকল্প অনুমোদন দেওয়া হয়। এর মধ্যে সরকারের নিজস্ব তহবিল হতে (জিওবি) ৬৬ হাজার ৪৬৬ কোটি ৫১ লাখ টাকা, সংস্থার নিজস্ব তহবিল হতে ৩১৩ কোটি ২১ লাখ টাকা এবং বৈদেশিক প্রকল্প সাহায্য হতে ১৯ হাজার ৯০৭ কোটি ২৩ লাখ টাকা ব্যয়ের লক্ষ্য রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ. ,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৬। গুলশান লেকড্রাইভ নির্মাণে ক্ষতিগ্রস্তদের শীঘ্রই অর্থ প্রদান করা হবে : গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী

গুলশান-বনানী-বারিধারা লেক উন্নয়নে ক্ষতিগ্রস্তদের শীঘ্রই ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। তিনি বলেন, ক্ষতিগ্রস্তদের সহযোগিতা ছাড়া এ প্রকল্প বাস্তবায়ন করা কঠিন হবে। যারা ইতোমধ্যে জমি ছেড়ে দিয়েছেন, তাদের ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে প্রয়োজনে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলে ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (৪ নভেম্বর রোববার) হাতিরঝিল মোড়ে বাড্ডা হতে বারিধারা পর্যন্ত আড়াই কিলোমিটার দীর্ঘ লেকড্রাইভ সড়কের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩)।

৭। জাতীয় ঐক্যফ্রন্টের সঙ্গে ফের সংলাপ আগামী বুধবার : সেতুমন্ত্রী

জাতীয় ঐক্যফ্রন্টের সঙ্গে আবারও সংলাপে বসতে যাচ্ছেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। আগামী ৭ নভেম্বর বুধবার বেলা ১১টায় গণভবনে ছোট আকারে এ সংলাপ হবে বলে গতকাল (৪ নভেম্বর রোববার) জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। গণভবনে ১৪ দলের এক সভাশেষে তিনি সাংবাদিকদের বলেন, ঐক্যফ্রন্ট থেকে আবার সংলাপে বসতে চেয়ে চিঠি দেওয়া হয়েছে। আমাদের নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগেই জানিয়েছিলেন যে সংলাপের জন্য তাঁর দ্বার উন্মুক্ত। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৮। খালেদা জিয়ার কারামুক্তির সিদ্ধান্ত আদালতের : আইনমন্ত্রী

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার কারামুক্তির ব্যাপারে আদালতই সিদ্ধান্ত দেবেন বলে জানিয়েছেন আইনমন্ত্রী এডভোকেট আনিসুল হক। গতকাল (৪ নভেম্বর রোববার) রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে এক প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানশেষে সাংবাদিকদের একথা জানান তিনি। নির্বাচনকালীন সরকারে ঐক্যফ্রন্টের কাউকে রাখার সিদ্ধান্ত আছে কিনা জানতে চাইলে আইনমন্ত্রী বলেন, এ ব্যাপারে সিদ্ধান্ত নেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী কিন্তু ইতোমধ্যে বলেছেন, যে সরকারটা আছে সে সরকারটাই চলবে। তার কারণ হচ্ছে, যে ডেভেলপমেন্টের কাজগুলো শুরু করা হয়েছিল এ সরকারের আমলে সেটা যেন কোনোমতেই ব্যাহত না হয় সে ব্যাপারে তিনি অবশ্যই গুরুত্ব দেবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

৯। বর্তমান সরকারের মেয়াদে ২শ' ৭০ কোচ ও ৪৬ ইঞ্জিন যুক্ত হয়েছে বহরে : রেলমন্ত্রী

বর্তমান সরকারের মেয়াদে এ পর্যন্ত মোট ২শ' ৭০ কোচ ও ৪৬ ইঞ্জিন রেলবহরে যুক্ত হয়েছে। এসব কোচ ও ইঞ্জিন দিয়ে রেলওয়ে নাগরিকদের যাত্রীসেবা বাড়াতে ব্যাপক ভূমিকা রেখেছে। এছাড়াও ইন্দোনেশিয়া থেকে আরও

দুইশ’ মিটারগেজ ও ৫০টি ব্রডগেজ কোচ এ বছরের শেষ নাগাদ আসতে শুরু করবে। গতকাল (৪ নভেম্বর রোববার) রাজধানীর রেলভবনে বাংলাদেশ রেলওয়ের জন্য ২০০টি মিটারগেজ যাত্রীবাহী কোচ ক্রয়ের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে

রেলপথমন্ত্রী মুজিবুল হক এমপি এসব কথা বলেন। চুক্তিতে বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেন প্রকল্পটির পরিচালক মৃণাল কান্তি বণিক এবং নির্মাণকারী প্রতিষ্ঠান চায়নার সিআরআরসির ভাইস প্রেসিডেন্ট চেন জিয়ানপেং। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

১০। একাদশ সংসদ নির্বাচনের তফসিল আগামী ৮ নভেম্বর

একাদশ সংসদ নির্বাচনের তফসিল আগামী ৮ নভেম্বর বৃহস্পতিবার ঘোষণা করা হবে। প্রথা অনুযায়ী একইদিন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ও বাংলাদেশ বেতারে জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সে ভাষণের মাধ্যমেই নির্বাচনের তফসিল ঘোষণা করবেন তিনি। গতকাল (৪ নভেম্বর রোববার) রাজধানীর আগারগাঁওস্থ নির্বাচন কমিশন সচিবালয়ে কমিশনের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভাশেষে নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শাহাদৎ হোসেন চৌধুরী সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

১১। সাইবার মনিটরিং ও পেট্রোলিং করবে পুলিশ : নির্বাচনে গুজব অপপ্রচার রোধই বড় চ্যালেঞ্জ

গুজব ও অপপ্রচারসহ সাইবার অপরাধ ঠেকাতে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) অধীনে সাইবার ইউনিট গঠনের অনুমোদন দিয়েছে সরকার। ফেসবুক, ইউটিউবসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমের ওপর নজরদারি আরও জোরদার করার উদ্যোগ নিয়েছে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)। এর জন্য একটি প্রকল্পের মাধ্যমে ১২১ কোটি টাকা চেয়েছে জননিরাপত্তা বিভাগ। মূলত সংসদ নির্বাচনের সময়ে নজরদারি বাড়ানো এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে পর্যবেক্ষণের জন্য ১২১ কোটি টাকার একটি প্রকল্প নেওয়া হয়েছে। প্রকল্পটির মেয়াদ ধরা হয়েছে চার মাস। আগামী নভেম্বর থেকে প্রকল্পটি চলবে আগামী বছরের ফেব্রুয়ারি পর্যন্ত। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

১২। লন্ডনে বাংলাদেশ হাইকমিশনে ভাংচুরের দায়ে যুক্তরাজ্যের জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সভাপতির জরিমানা

লন্ডনে বাংলাদেশ হাইকমিশনে ভাংচুরের দায়ে দোষী সাব্যস্ত হয়েছেন বিএনপি’র সহযোগী সংগঠন জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের যুক্তরাজ্য শাখার সভাপতি নাসির আহমেদ শাহিন। লন্ডন ম্যাজিস্ট্রেট কোর্ট শাহীনকে ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত করে ১ হাজার ২০ পাউন্ড জরিমানা করেছে বলে গতকাল (৪ নভেম্বর রোববার) প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। খালেদা জিয়ার বিরুদ্ধে দুর্নীতি মামলার রায়কে কেন্দ্র করে যুক্তরাজ্য বিএনপি’র বিক্ষোভ থেকে গত ৭ ফেব্রুয়ারি লন্ডনে বাংলাদেশ দূতাবাসে ভাংচুর চালানো হয়, ভাংচুর করা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিও। তখন ঘটনাস্থল থেকে শাহিনকে গ্রেফতার করেছিল লন্ডন পুলিশ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **নিউ এজ** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

১৩। আইওআরএ’র ২০২১-২৩ মেয়াদে চেয়ারম্যান হল বাংলাদেশ

সমুদ্র উপকূলীয় দেশগুলোর সংগঠন ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের (আইওআরএ) ১৮তম মন্ত্রী পর্যায়ের বৈঠকে বাংলাদেশ ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছে। ২০১৯-২১ মেয়াদে বাংলাদেশ এ দায়িত্ব পালন করবে। পরবর্তী সময়ে ২০২১-২৩ মেয়াদে বাংলাদেশ সংগঠনটির চেয়ারম্যানের দায়িত্ব পালন করবে। গত ২ নভেম্বর

শুক্রবার দক্ষিণ আফ্রিকার ডারবানে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশের দক্ষিণাঞ্চলের মাটিতে লবণাক্ততা বৃদ্ধি পাওয়ায় উপকূলবর্তী প্রায় দুই লাখ কৃষক বাস্তুচ্যুত হতে পারেন এমন আশংকার কথা জানিয়েছে যুক্তরাষ্ট্রের গবেষকরা উল্লেখ করে সময়োচিত নতুন গবেষণা ও কার্যকর পদক্ষেপের মাধ্যমে এ সমস্যা সমাধানের ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** একাদশ সংসদ নির্বাচনে সব দলের অংশগ্রহণে অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনের লক্ষ্যে সাত দফা দাবিতে চলমান সংলাপের ধারাবাহিকতায় আবারও আলোচনায় বসতে চান জাতীয় ঐক্যফ্রন্টের নেতারা উল্লেখ করে এ ব্যাপারে বিবেচনার সুপারিশ।

গ. **ইনকিলাব :** যুক্তরাষ্ট্রভিত্তিক গ্লোবাল ম্যানেজমেন্ট কনসাল্টিং প্রতিষ্ঠান ম্যাককিনসে অ্যান্ড কোম্পানি কর্তৃক পরিচালিত এক জরিপে বাংলাদেশে গার্মেন্টস শিল্পখাতে শতকরা ২৫ ভাগ দক্ষ শ্রমিকের অভাব রয়েছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ খাতে আরও অধিক শ্রমিক নিয়োগ ও দক্ষ করে গড়ে তুলতে দেশের অন্যান্য অঞ্চলে গার্মেন্টস কারখানা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** নেপালের আনফা ক্রীড়া কমপ্লেক্সের মাঠে পাকিস্তানের বিপক্ষে ফাইনালে বাংলাদেশ সাফ অনূর্ধ্ব-১৫ ফুটবল চ্যাম্পিয়নশিপ শিরোপা জেতায় অভিনন্দন জানিয়ে এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যুগান্তর :** পর্যটন শিল্পের অপার সম্ভাবনা কাজে লাগাতে কক্সবাজারের পর্যটন অবকাঠামো নির্মাণে অন্তত ২৫ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেওয়াকে প্রশংসনীয় উল্লেখ করে এর পাশাপাশি দেশের অন্যান্য অঞ্চলের পর্যটন বিকাশে নজর দেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রেলযাত্রা অপেক্ষাকৃত আরামদায়ক, নিরাপদ ও সাশ্রয়ী হওয়ায় দেশের সব অঞ্চলে রেলের সেবা সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ।

ছ. **এশিয়ান এজ :** প্রতিটি স্কুলে শিশুদের জন্য স্বাস্থ্যসম্মত পরিবেশ যাতে থাকে সে ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

উপসম্পাদকীয়

আলোকিত বাংলাদেশ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষাপ্রতিষ্ঠানে পরীক্ষার মূল্যায়ন পদ্ধতি তথা প্রশ্নপত্র যাতে বিশ্লেষণাত্মক ও প্রকৃত মেধা যাচাইয়ের টুলস হিসেবে বিবেচিত হয় সেজন্য শিক্ষক এবং শিক্ষাসংশ্লিষ্ট সবাইকে দক্ষ হতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'নিরাপদ পানি নিশ্চিত করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নিরাপদ পানি পাওয়া সকল জনগণের নাগরিক অধিকা

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা